# এইসএস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা -দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৯ | ৩ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶ মি. খালেদ একজন কলেজ শিক্ষক। ক্লাসে ব্যাংকিং পড়াতে গিয়ে তিনি বললেন- বাণিজ্যিক ব্যাংক সাধারণ মানুষের নিকট ছড়িয়ে ছিটিয়ে থাকা ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় সংগ্রহ করে মূলধন গঠন করে, গ্রাহকদের ঋণ দেয় এবং বিভিন্ন ধরনের ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে শিল্প ও বাণিজ্যের উন্নয়ন সাধন করে দেশের অর্থনীতির চাকাকে গতিশীল রাখতে সহায়তা করে। অন্যদিকে কেন্দ্রীয় ব্যাংক সরকারর প্রতিনিধি হিসেবে দেশের ব্যাংকিং কার্যক্রম নিয়ন্ত্রণ করে, মুদ্রাবাজারের স্থিতিশীলতা বজায় রাখে এবং সরকারের আর্থিক নীতি বাস্তবায়নের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়ন সাধন করছে। ক্লাসের এক ছাত্র করিম প্রশ্ন করল, স্যার, তাহলে আমাদের দেশ অর্থনৈতিক দিক থেকে কেন এত পশ্চাৎপদ?

ক. ব্যাংক কী? ১

খ. বাসেল ১ ও ব্যাসেল ২ বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে উল্লেখ মি. খালেদের বক্তব্যের যথার্থতা নির্ণয় করো। ৩

ঘ. তুমি কি মনে করো উদ্দিপকের উল্লেখ ছাত্রটির প্রশ্নটি বাস্তবামুখী ছিল? তোমার মতামত দাও। ৪

২.▶ ব্যাংকার হাফিজ তার বন্ধু আলিমের সাথে আলাপ করতে গিয়ে বলছেন- তালিকাভুক্ত ও অ-তালিকাভুক্ত ব্যাংকগুলো মাত্রাতিরিক্ত ঋণদানের ফলে দেশের মুদ্রাস্ফীতি ঘটে। ফলশ্রুতিতে অর্থের ক্রয় ক্ষমতা হ্রাস পায়। সরকার তার প্রতিনিধি ব্যাংকের মাধমে সরকারের আর্থিক নীতি বাস্তবায়ন ও বিভিন্ন কৌশল অবলম্বন করে মুদ্রাস্ফীতি স্বাভাবিক পর্যায়ে নিয়ে আসে। কৌশলগুলোর একটি যেমন- বাজারে বন্ড, সিকিউরিটি ছাড়ার মাধ্যমে মুদ্রাস্ফীতি কমিয়ে আনা।

ক. মার্চেন্ট ব্যাংক কী? ১

খ. ঋণদানের সর্বশেষ আশ্রয়স্থল হিসেবে বিবেচনা করা হয় কোন ব্যাংককে এবং কেন? ২

গ. উদ্দীপকে উল্লেখ যে পদ্ধতিতে ঋণ নিয়ন্ত্রণ করার কথা বলা হয়েছে তার কার্যাকারিতা ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করো সরকারের প্রতিনিধি ব্যাংকের পক্ষে সার্বিকভাবে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ করা সম্ভব? উদ্দীপকের আলোকে তোমার মতামতের যথার্থতা মূল্যায়ন করো। ৪

৩.▶ মি. রনি তার ব্যাংক হিসাবে ১,০০০ টাকা জমা রাখলেন। ব্যাংক উক্ত আমানতের ১০% নগদ সংরক্ষণ করে বাকি টাকা মি. জনিকে ঋণ দেয়। মি. জনি উক্ত টাকা তার হিসাবে জমা দেয় এবং ব্যাংক উক্ত টাকার ১০% নগদে রেখে বাকি টাকা মি. টনিকে ঋণ দেয়। এভাবে বাণিজ্যিক ব্যাংক কতগুলো শর্ত সাপেক্ষে আমানত হতে ঋণ, ঋণ হতে কয়েকগুণ বেশি ঋণ আমানত সৃষ্টি করতে সক্ষম হয়। এছাড়াও বাণিজ্যিক ব্যাংক বিভিন্ন ধরনের বিনিময়ের সহজ মাধ্যম সৃষ্টি করে থাকে, যার মাধ্যমে অনেক কার্যক্রম সহজ ও নিরাপদে সম্পদান করতে পারে।

http://teachingbd.com

ক. বাণিজ্যিক ব্যাংকের তারল্য নীতি কী? ১
খ. বাণিজ্যিক ব্যাংককে ধার করা অর্থের ধারক বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লেখ বাণিজ্যিক ব্যাংক বিনিময়ের মাধ্যম সৃষ্টির মাধ্যমে ব্যাংকের তারল্য সংরক্ষণের সুবিধা ভোগ করছে- তোমার মতামত দাও। ৩
ঘ. উদ্দীপকে উল্লেখ রনির জমাকৃত আমানত থেকে ব্যাংক মোট কত টাকার ঋণ আমানত সৃষ্টি করতে পারবে? নির্ণয় করো। ৪

৪. ▶ মি. রতন একজন ব্যবসায়ী। তার স্থানীয় এবিসি ব্যাংকে একটি চলতি হিসাব রয়েছে। তিনি তার দৈনদিন্দন ব্যবসায়িক লেনদেন সম্পাদন করতে নগদ অর্থের পাশাপাশি চেকের মাধ্যমেও লেনদেন করেন। সম্প্রতি তিনি তার মহাজনকে একটি চেকের মাধ্যমে তার দেনা পরিশোধ কলেন। চেকটির উপরে বামদিকের কোনায় আড়াআড়ভাবে দুটি দাগ টানা।

ক. পেনশন সঞ্চয়ী হিসাব কী? ১
খ. একজন ব্যবসায়ীর জন্য কোন ধরনের হিসাব খোলা উচিত এবং কেন? ২
গ. উদ্দীপকে উল্লেখ ব্যবসায়ী হিসেবে রতনের একটি চলতি হিসাব থাকা খুবই যৌক্তিক। তোমার মতামত দাও? ৩
ঘ. মি. রতন তার মহাজনকে কোন ধরনের চেকের মাধ্যমে তার দায় পরিশোধ করেছেন? ইহার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৫. ▶ মি. তপন চৈতি গার্মেন্টস রি. -এর সিইও। তিনি তার শিল্পের প্রসার হিসেবে সুতা থেকে কাপড় তৈরি করার কথা ভাবছেন। এজন্য তার ৫ কোটি টাকার মূলধন প্রয়োজন। তিনি স্থির করলেন যে, শেয়ার বিক্রয় করে ৩ কোটি টাকা যোগার করবেন এবং বাকি ২ কোটি টাকার ব্যাংক ঋণ নিবেন। সুরমা ব্যাংক তাকে বলছে- ঋণের জামানত হিসেবে স্থাবর সম্পত্তি বন্ধক (Mortgage) রাখতে হবে। অন্যদিকে করতোয়া ব্যাংক বলছে- ঋণের জামানত হিসেবে দখলহীন বন্ধক (Hypothecation) রাখা যাবে।

ক. বিনিময় বিল কী? ১
খ. ব্যাংক তহবিলের নিজস্ব উৎস বলতে কী বুঝায়? ২
গ. মি. তপন আর কোন্ সুবিধাজনক খাত থেকে তার প্রয়োজনীয়ন অর্থ সংগ্রহ করতে পারতেন বলে তুমি মনে করো? তোমার মতামত দাও। ৩
ঘ. মি. তপনের কোন্ ব্যাংক থেকে ঋণ নেয়া সঠিক হবে বলে তুমি মনে করো? তোমার সপক্ষে যুক্তি দেখাও। ৪

৬. ▶ মি. রাজন একজন ব্যবসায়ী। তিনি জাপান থেকে ইলেক্ট্রনিক্স সামগ্রী আমদানি করেন, আবার জাপানে আধাপ্রস্তুত চামড়া রপ্তানি করেন। একই ব্যক্তি আমদানিকারক ও রপ্তানিকারক হওয়ার কারণে তার ব্যাংকে প্রত্যয়পত্র খোলর ক্ষেত্রে বিশেষ সুবিধা ভোগ করেন। রপ্তানিকৃত পণ্যের মূল্য পরিশোধ দ্রুততার সাথেই সম্পাদিত হয়। সব মিলিয়ে মি. রাজনের ব্যবসায়ের অগ্রগতি হচ্ছে।

ক. ইলেকট্রনিক ব্যাংকিং কি? ১
খ. ক্রয় ক্ষমতার সমতা তত্ত্ব বলতে কী বুঝ? ২
গ. উদ্দীপকে উল্লেখ মি. রাজনের ব্যাংকে প্রত্যয়পত্র খোলা সহজ হওয়ার কারণ কী বলে তুমি মনে করো? তোমার মতামত দাও। ৩
ঘ. রপ্তানিকৃত পণ্যের সহজ মূল্য প্রাপ্তির নিশ্চয়তা মি. রাজনের ব্যবসায়ের অগ্রগতির প্রধান নিয়ামক, উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

৭. ▶ মি. জাবেদ একজন গাড়ির ব্যবসায়ী। ভারত থেকে গাড়ি আমদানি করে স্থানীয় মার্কেটে বিক্রয় করেন। গত জুলাই মাসে এভাবে ১০০টি গাড়ি নিয়ে আসার সময় বঙ্গোপসাগরে সামুদ্রিক ঝড়ের কবলে পড়লে কয়েকটা গাড়ি ক্ষতিগ্রস্ত হয়। আগেই তিনি ঝুঁকি হ্রাসের জন্য একটি বিমা কোম্পানির সাথে ২০ কোটি টাকার একটি বিমা চুক্তিতে আবদ্ধ হয়ে সর্বোচ্চ প্রিমিয়াম প্রদান করেছিলেন। ক্ষতির মূল্য নির্ধারণ করে জানা গেল মোট ৩০ লক্ষ টাকার ক্ষতি হয়েছে। তিনি আশাবাদি বিমা কোম্পানির নিকট থেকে পুরোটাই ক্ষতিপূরণ পাবে।

ক. বিমা কী? ১

খ. বিমা চুক্তিকে পরম বিশ্বাসের চুক্তি বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের উল্লেখ ক্ষতিটি কোন ধরনের ক্ষতি বলে তুমি মনে করো? আলোচনা করো। ৩

ঘ. তুমি কী মনে করো মি. জাবেদ বিমা কোম্পানির কাছ থেকে পুরো টাকা আদায় করতে পারবে? তোমার মতামত দাও। ৪

৮. ▶ মি. বোরহান একটি বেসরকারি প্রতিষ্ঠানের চাকরি করেন। তিনি একটি নামকরা বিমা প্রতিষ্ঠানের সাথে ১৫ বছর মেয়াদি ৫ লক্ষ টাকার একটি বিমা চুক্তিতে আবন্ধ হয়েছেন। তিনি বিগত ৮ বছর পর্যন্ত প্রতি ৬ মাসে ১২ হাজার টাকা করে প্রিমিয়াম দিয়ে আসছেন। চুক্তি অনুযায়ী বিমা কোম্পানির তার জমার উপর ৫% হারে মুনাফা প্রদান করবে। হঠাৎ মি. বোরহানের প্রতিষ্ঠানটি বন্ধ হয়ে যাওয়ায় তার পক্ষে প্রিমিয়াম প্রদান করা একবারেই অসম্ভব হয়ে পড়ছে। তিনি সিদ্ধান্ত নিয়েছেন বিমা পলিসিটি বাতিলের ব্যাপারে বিমা কোম্পানির সাথে আলাপ করবেন।

ক. মৃত্যহার পঞ্জী কী? ১

খ. জীবন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ২

গ. উদ্দিপকে উল্লেখ মি. বোরহান কোন ধরনর জীবন বিমাপত্র গ্রহণ করেছন বলে তুমি মনে করো? তোমার মতামত দাও। ৩

ঘ. তুমি কী মনে করো বোরহান সাহেব কোন ধরনের আর্থিক সুবিধা পাবেন? তোমার মতামত দাও। ৪

৯. ▶ মি. হাসান মাহমুদ তার গোডাউনের মূল ৫ কোটি টাকা নির্ধারণ করে একটি বিমা কোম্পানির সাথে ৪ কোটি টাকার একটি বিমা চুক্তিতে আবদ্ধ হন। একটা অগ্নিকাণ্ড গোডাউনটি সম্পূর্ণ ধ্বংস হয়ে যায়। পরিদর্শনকারীদের রিপোর্ট অনুযায়ী চুক্তির শর্তানুযায়ী অগ্নিনির্বাপন যন্ত্রের ব্যবস্থা ছিল না এবং গোডাউনের কাঠামোগত ত্রুটির সংস্কার করার কথা থাকলেও সেটা করানো হয়নি।

ক. শস্য বিমা কী? ১

খ. নৈতিক ঝুঁকি বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে উল্লেখ মি. হাসান মাহমুদের বিমাপত্রটি কোন ধরনর অগ্নিবিমাপত্র? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে করে মি. হাসান মাহমুদ বিমা কোম্পানির নিকট থেকে কোনো ক্ষতিপূরণ আদায় করতে পারবে? তোমার স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

http://teachingbd.com

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা -দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২৯৩

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **বিশেষায়িত ব্যাংক কোনটি?**
ক HSBC খ Islami Bank
গ Bank of Ceylon ঘ Basic Bank

২. **বাংলাদেশে ব্যাসেল-২ অনুসরণের নীতিগত সিদ্ধান্ত কখন বলবৎ করা হয়?**
ক ১৯৮৮ খ ২০১০ গ ২০১২ ঘ ২০১৪

৩. **সাধারণ সঞ্চিতি কোন স্তরের মূলধনের উপাদান বলে গণ্য হবে?**
ক Tier-1 খ Tier-2
গ Pillar-2 ঘ Pillar-3

৪. **গারনিশি আদেশ —**
i. ব্যাংকের গ্রাহক কর্তৃক আরোপিত বিশেষ নির্দেশনা
ii. কোন বিশেষ হিসাবের লেনদেন স্থগিত করার নির্দেশনা
iii. সীমাবদ্ধ বা অসীম হতে পারে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৫. **কোন কেন্দ্রীয় ব্যাংক সরকারি বেসরকারী যৌথ মালিকানাধীন?**
ক বাংলাদেশ ব্যাংক
খ রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া
গ ফেডারেল রিজার্ভ সিস্টেম
ঘ ব্যাংক অব ইংল্যান্ড

৬. **কেন্দ্রীয় ব্যাংকের কোন সিদ্ধান্তের ফলে ঋণের পরিমাণ বৃদ্ধি পাবে—**
ক বাধ্যতামূলক সঞ্চিতির হার বৃদ্ধি করলে
খ কেন্দ্রীয় ব্যাংকে নগদ জমার হার হ্রাস করলে
গ ভোক্তা ঋণের শর্ত কঠোর করা হলে
ঘ জামানতি ঋণের প্রান্তিক হার অপরিবর্তিত রাখলে

৭. **বিভিন্ন শিল্পভুক্ত বিভিন্ন ফার্মে ঋণদান বাণিজ্যিক ব্যাংকের কোন নীতির সাথে সঙ্গতিপূর্ণ?**
ক স্বচ্ছলতার নীতি খ মুনাফার নীতি
গ বৈচিত্র্যায়নের নীতি ঘ দক্ষতার নীতি

৮. **ঋণ আমানত সৃষ্টির সকল অনুমিত শর্ত বহাল থাকা সাপেক্ষে ১,০০০ টাকার প্রাথমিক আমানত ব্যাংকিং ব্যবস্থায় কত টাকার ঋণে পরিণত হবে যদি বাধ্যতামূলক সঞ্চিতির হার ২০% হয়?**
ক ১,০০০ টাকা খ ৪,০০০ টাকা
গ ৫,০০০ টাকা ঘ ২০,০০০ টাকা

৯. **কোম্পানির নামে ব্যাংক হিসাব খুলতে কোন দলিল উপস্থাপন বাধ্যতামূলক নয়?**
ক স্মারকলিপি খ পরিমেল নিয়মাবলি
গ ট্রেড লাইসেন্স ঘ প্রসপেক্টাস

১০. **কোন ধরনের হিসাবের ক্ষেত্রে পাশ বই নিষ্প্রয়োজন?**
ক সাধারণ চলতি হিসাব খ বিশেষ চলতি হিসাব
গ সঞ্চয়ী হিসাব ঘ স্থায়ী হিসাব

১১. **বিভিন্ন সেবা সুবিধার বিল পরিশোধে কোনটি ব্যবহার করা যায়?**
ক ক্রেডিট কার্ড খ ডেবিট কার্ড
গ ওয়ান স্টপ সার্ভিস ঘ ATM

১২. **ফ্যাক্টরিং এর মাধ্যমে —**
i. রপ্তানিকারক অর্থায়ন গ্রহণ করেন
ii. প্রাপ্য বিলের ব্যবস্থাপনা সংক্রান্ত দায়িত্ব গ্রহণ করে ফ্যাক্টর
iii. সকল প্রকার ঝুঁকি ফ্যাক্টরের নিকট হস্তান্তরিত হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

১৩. **কোনটি অগ্রীম প্রত্যয়পত্র?**
ক লাল দফা প্রত্যয়পত্র
খ ব্যাক-টু ব্যাক প্রত্যয়পত্র
গ ঘূর্ণায়মান প্রত্যয়পত্র ঘ নিশ্চিত প্রত্যয়পত্র

১৪. **লেনদেন ব্যয় হ্রাস করে কোন ধরনের প্রত্যয়পত্র?**
ক ঘূর্ণায়মান প্রত্যয়পত্র খ অগ্রিম প্রত্যয়পত্র
গ নির্দিষ্ট প্রত্যয়পত্র ঘ ব্যাক টু ব্যাক প্রত্যয়পত্র

১৫. **অন্যান্য সকল বিষয় অপরিবর্তিত থেকে রপ্তানিযোগ্য পণ্যের উৎপাদন বৃদ্ধি পেলে বৈদেশিক বিনিময় হারের ক্ষেত্রে কোনটি ঘটবে?**
ক বৈদেশিক মুদ্রার চাহিদা বৃদ্ধি পাবে
খ বৈদেশিক মুদ্রার চাহিদা হ্রাস পাবে
গ দেশীয় মুদ্রার মান বৈদেশিক মুদ্রার বিপরীতে বৃদ্ধি পাবে
ঘ বৈদেশিক মুদ্রার যোগান হ্রাস পাবে

১৬. **অব্যক্তিক জামানতের গ্রহণযোগ্যতা নির্ভর করে কোনটির উপর?**
ক বিক্রয়যোগ্যতা
খ সম্পদের মালিকানার দায় মুক্তা
গ মালিকানার ত্রুটি
ঘ সামাজিক মর্যাদা

১৭. **ঘূর্ণায়মান ঋণের ক্ষেত্রে কোনটি সঠিক?**
ক মঞ্জুরিকৃত ঋণের সমুদয় টাকার উপর সুদ দিতে হয়
খ শুধুমাত্র ঋণের গৃহীত অংশের উপর সুদ দিতে হয়
গ ঋণের গৃহীত অংশের উপর সুদ ও অবশিষ্টাংশের উপর বাধ্যতামূলক ফি দিতে হয়
ঘ ঘূর্ণায়মান ঋণ বাতিলযোগ্য

১৮. **চেকের অনুমোদনের ক্ষেত্রে কোনটি সঠিক?**
ক বাহক চেকের অনুমোদন আবশ্যক
খ হুকুম চেকের অনুমোদন বাঞ্ছনীয়
গ চেকের অনুমোদন আংশিক হতে পারে
ঘ দাগকাটার চেক কোন ক্রমেই হস্তান্তরযোগ্য নয়

১৯. **বৈদেশিক বিনিময়ে ব্যবহারযোগ্য নয় কোন দলিল?**
ক ব্যাংক ড্রাফট খ পে-অর্ডার
গ প্রতিজ্ঞাপত্র ঘ বিনিময় বিল

২০. **হস্তান্তরযোগ্য দলিল আইন কত সালের?**
ক ১৮৮১ খ ১৯৯১ গ ২০১০ ঘ ২০১২

২১. **অর্থ বাজার নিয়ন্ত্রণে মূল ভূমিকা পালন করে কোনটি?**
ক বাণিজ্যিক ব্যাংক
খ কেন্দ্রীয় ব্যাংক
গ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন
ঘ ক্ষুদ্র ঋণ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

http://teachingbd.com

২২. কোন ব্যাংকের আঞ্চলিক বৈচিত্র্যায়ন অর্জন তুলনামূলকভাবে বেশি অসুবিধাজনক?
ক একক ব্যাংক খ শাখা ব্যাংক
গ চেইন ব্যাংক ঘ গ্রুপ ব্যাংক

২৩. সবুজ দফা প্রত্যয়ন পত্র—
i. এক ধরনের অগ্রীম প্রত্যয়পত্র
ii. মর্যাদা দানে বাহনে উত্তোলনের প্রমাণ উপস্থাপন আবশ্যক
iii. মর্যাদা দানে উৎপাদিত পণ্য গুদাজমাজতরণের প্রমাণ উপস্থাপন আবশ্যক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

২৪. ফ্যাক্টরিং এর মাধ্যমে —
i. আমদানিকারক অর্থায়নের সুবিধা গ্রহণ করে
ii. প্রাপ্য বিলের যাবতীয় ঝুঁকি ও দায়-দায়িত্ব ফ্যাক্টরের নিকট হস্তান্তরিত হয়
iii. দীর্ঘ মেয়াদি অর্থায়নের সুবিধা পাওয়া যায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

২৫. ফোরফেইটিং এর ক্ষেত্রে কোনটি সঠিক?
ক স্বল্প মেয়াদি অর্থায়ন ব্যবস্থা
খ প্রত্যয়পত্রের সংযুক্তি বাধ্যতামূলক
গ দীর্ঘ মেয়াদি অর্থায়ন ব্যবস্থা
ঘ যাবতীয় ঝুঁকি বিলের বিক্রেতাকেই বহন করতে হয়

২৬. বাংলাদেশে কোন সালের বিমা আইন বলবৎ আছে?
ক ১৯৪৭ খ ২০০৬ গ ২০১০ ঘ ২০১২

২৭. বিমা ব্যবস্থা —
i. ঝুঁকি প্রতিরোধক ব্যবস্থা
ii. ঝুঁকি বন্টনকারী ব্যবস্থা
iii. আর্থিক নিশ্চয়তা বিধায়ক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

২৮. জাবেদ ডলারের মূল্য বৃদ্ধির প্রত্যাশায় ডলার ক্রয় করে রাখল কিন্তু পরবর্তীকালে ডলারের মূল্য হ্রাস পাওয়ায় জাবেদ ক্ষতিগ্রস্ত হলে-এটি কোন ধরনের ঝুঁকি?
ক অনার্থিক ঝুঁকি খ বিশুদ্ধ ঝুঁকি
গ ফটকা ঝুঁকি ঘ মৌলিক ঝুঁকি

উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।
ABC কোম্পানি দশ লক্ষ টাকার মালামালের জন্য নির্ভিক ও নির্বিঘ্ন নামক দুটি বিমা কোম্পানির সাথে যথাক্রমে চার লক্ষ টাকার ও ছয় লক্ষ টাকার জন্য বিমা করল।

২৯. ABC কোম্পানির গৃহীত বিমাচুক্তি কোন ধরনের বিমা?
ক দ্বৈত বিমা খ পুনর্বিমা
গ দ্বিসুবিধাযুক্ত বিমা ঘ বিশ্বস্ততা বিমা

৩০. বিমাকৃত ঝুঁকির দ্বারা বিমাকৃত বিষয়বস্তুর ক্ষতি হওয়ায় ৫ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়ার সিদ্ধান্ত হলে নির্ভিক বিমা কোম্পানি কত টাকা ক্ষতিপূরণ দিবে?
ক ২ লক্ষ টাকা খ ৩ লক্ষ টাকা
গ ৪ লক্ষ টাকা ঘ ৫ লক্ষ টাকা

৩১. সৈকত দীপনের মালিকানাধীন সম্পদের জন্য বিমা চুক্তি করলো। এ ধরনের বিমাচুক্তি কোন ধরনের নীতির পরিপন্থী হবে?
ক বিমাযোগ্য স্বার্থের নীতি খ সদ্বিশ্বাসের নীতি
গ স্থলাভিষিক্তকরণের নীতি ঘ সামর্থের নীতি

৩২. সমর্পণমূল্য কোন ধরনের বিমার ক্ষেত্রে প্রযোজ্য হয়?
ক নৌ বিমা খ অগ্নি বিমা
গ জীবন বিমা ঘ দায় বিমা

৩৩. কোন ধরনের জীবন বিমার দাবির অর্থ কখনই উত্তরাধিকারীরা পায় না?
ক সাধারণ মেয়াদি বিমাপত্র
খ বিশুদ্ধ মেয়াদি বিমাপত্র
গ আজীবন বিমাপত্র
ঘ শিক্ষাবৃত্তি বিমাপত্র

৩৪. জীবন বিমার প্রিমিয়াম নির্ধারণে বিবেচ্য বিষয় কোনটি?
i. বিমাকৃত অংক
ii. বাসস্থান
iii. স্বাস্থ্যগত অবস্থা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৩৫. পুনর্বিমা চুক্তি—
i. বিমাকারী ও বিমাগ্রহীতা উভয়ই বিমা প্রতিষ্ঠান
ii. ঝুঁকি বন্টনের ব্যবস্থা
iii. মূল বিমা গ্রহীতা কর্তৃক গৃহীত ঝুঁকি লাঘবকারী ব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৩৬. নৌ বিমা চুক্তির অব্যক্ত শর্ত কোনটি?
ক যাত্রাপথ খ যাত্রার তারিখ
গ যাত্রাপথ পরিবর্তন না করা
ঘ রক্ষীবহর

৩৭. পণ্য নিক্ষেপণ —
i. আংশিক ক্ষতির উদাহরণ
ii. সকলের উপর প্রযোজ্য সাধারণ ক্ষতি
iii. বিমাযোগ্য ঝুঁকি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৮. অগ্নিজনিত ঝুঁকির নৈতিক কারণ কোনটি?
ক সম্পত্তির দাহ্য প্রকৃতি
খ প্রতিষ্ঠানের প্রকৃতি
গ অবহেলা
ঘ অগ্নিপ্রবণ উপায়ে প্রতিষ্ঠান পরিচালনা

৩৯. অবহেলাপূর্ণ যান চালনার কারণে দুর্ঘটনা ঘটলে তার দায় বর্তায় কোন পক্ষের উপর?
ক যানবাহনের চালকের উপর
খ যানবাহনের মালিকের উপর
গ প্রশাসনিক কর্তৃপক্ষের উপর
ঘ সুস্পষ্টভাবে কাউকে দায়ী করা যায় না

৪০. বিমাচুক্তি সম্পাদনে যোগ্য কোন ব্যক্তি?
ক ১৮ বছরের কম বয়সী
খ দেউলিয়া ঘোষিত ব্যক্তি
গ বিকৃত মস্তিষ্ক সম্পন্ন ব্যক্তি
ঘ সরকারি কর্মকর্তা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | খ | ৩ | ক | ৪ | খ | ৫ | গ | ৬ | খ | ৭ | গ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | ক |
| | ২১ | খ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ক | ৩১ | ক | ৩২ | গ | ৩৩ | খ | ৩৪ | ঘ | ৩৫ | ঘ | ৩৬ | গ | ৩৭ | ঘ | ৩৮ | গ | ৩৯ | ক | ৪০ | ঘ |

Teachingbd.com

http://teachingbd.com